

# চবির ৪ ছাত্রদল নেতা বহিষ্কার

চবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে চট্টগ্রাম

বিশ্ববিদ্যালয় (চবি) শাখা ছাত্রদলের চার নেতাকে বহিষ্কার করা  
হয়েছে। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে  
ছাত্রদলের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক মো. জাহাঙ্গীর আলম সহী করা  
এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, কেন্দ্রীয়  
সংসদের সিদ্ধান্ত মোতাবেক, সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট  
অভিযোগের ভিত্তিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাবেক  
সহসভাপতি নিউটন দত্ত, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মো.  
নকিব হোসেন চৌধুরী ও আবু শাহদাত মোহাম্মদ আদিলকে  
প্রাথমিক সদস্য পদ থেকে বহিষ্কার এবং ছাত্রনেতা আবদুল্লাহ আল  
মামুনকে প্রাথমিক সদস্য পদ থেকে আজীবনের জন্য বহিষ্কার করা  
হলো।

এতে আরো বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের  
সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির  
উদ্দীন নাছির এই সিদ্ধান্ত অনুমোদন করেন এবং জাতীয়তাবাদী  
ছাত্রদলের সব পর্যায়ের নেতাকর্মীদের তার সঙ্গে কোনোরূপ  
সাংগঠনিক সম্পর্ক না রাখার জন্য নির্দেশনা দেন।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি আলাউদ্দিন মহসিন  
কালের কঠকে বলেন, আবুল্লাহ আল মামুন আমাদের সদস্য  
ছিল। তাকে চাকসু নির্বাচনে দলের প্রস্তাবিত তালিকায় রাখা  
হয়েছিল। কিন্তু সে দলের বাইরে গিয়ে চাকসু নির্বাচনে অংশ নেয়।  
এ ছাড়া তার বিরুদ্ধে দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে কেন্দ্র তাকে  
বহিষ্কার করেছে।

অন্যদিকে, বাকি তিনজন আগের কমিটিতে দায়িত্ব পালন করেছে।  
সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের কারণে মূলত তাদের বহিষ্কারাদেশ  
দেওয়া হয়েছে।

এর আগে গত ১৫ অক্টোবর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদলের  
সিনিয়র সহসভাপতি মোহাম্মদ মামুন-উর-রশিদকে আজীবনের  
জন্য বহিষ্কার করে সংগঠনটি।